বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মানিত সভাপতি'র মাসিক (জানুয়ারী ২০২১) বিবৃতি

বাংলাদেশ ফুটবল ফেডারেশনের পক্ষ হতে সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা।

নতুন বছরে বাংলাদেশের ফুটবলের ভবিষ্যৎ নিয়ে সত্যিকার অর্থেই আমি অত্যন্ত আশাবাদী, ইতিবাচক এবং উদ্দীপ্ত। আমাদের সকল কার্যক্রম নির্বাচনী ইশতেহারের প্রতিশ্রুতি পূরণের লক্ষ্যে পরিচালিত হচ্ছে। একটা প্রশ্ন আমাকে সবসময়ই তাড়িত করে, আরও ভালো আমরা কীভাবে করতে পারি? আমার মনে হয় স্বল্প এবং দীর্ঘ মেয়াদী পরিকল্পনা নিয়ে এগিয়ে যাওয়াই সঠিক পদ্ধতি। আমাদের মূল লক্ষ্য হবে অংশীদারিত্বের ভিত্তিতে এবং সম্মিলিত সহযোগিতার মাধ্যমে কাজ করা।

নতুন বছর ২০২১ এর শুরু থেকে আমরা ফুটবল উন্নয়নে যে সকল কার্যক্রম অক্লান্ত পরিশ্রমের মাধ্যমে পরিচালনা করছি তাহার বিবরণ উল্লেখ করা হলোঃ

ফেডারেশন কাপ ২০২০ ঃ

২০২১ সালের শুরুতে সফলভাবে ফেডারেশন কাপের আয়োজন শেষ করেছে বাংলাদেশ ফুটবল ফেডারেশন। অসাধারণ এ প্রতিযোগিতায় বসুন্ধরা কিংস চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। বসুন্ধরা কিংসকে এবং অংশগ্রহণকারী সকল দলসমূহকে আমার পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছি। এবারের ফেডারেশন কাপে উত্তেজনাপূর্ণ ও প্রতিদ্বন্দ্বিতামূলক ম্যাচ দেখা গেছে এবং ফুটবলের ব্যাপক প্রসার লক্ষ্যণীয় ছিল।

বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১ঃ

দেশের চারটি ভেন্যুতে শুরু হয়েছে পেশাদার লিগের সবচেয়ে বড় আসর বাংলাদেশ প্রিমিয়ার লীগ (বিপিএল)। ঢাকাস্থ বঙ্গবন্ধু জাতীয় ফুটবল স্টেডিয়াম ছাড়াও মুন্সিগঞ্জের বীরশ্রেষ্ঠ ফ্লাইট লেফটেন্যান্ট মতিউর রহমান স্টেডিয়াম, কুমিল্লার শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত স্টেডিয়াম ও গাজীপুরের শহীদ আহসান উল্লাহ মাস্টার স্টেডিয়ামে হচ্ছে এবারের প্রিমিয়ার লীগ। শুরু থেকে লীগের প্রতিটি ম্যাচ গুণগত মান ও প্রতিদ্বন্দ্বিতায় আকর্ষণীয় ও সন্তোষজনক ছিল। উক্ত প্রতিযোগিতায় কয়েকজন তরুণ খেলোয়াড়ের পারফরম্যান্স চোখে পড়ার মতো।

বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১ঃ

ইতিমধ্যেই ১২টি দল নিয়ে বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ (বিসিএল) আরম্ভ হয়েছে। এখনকার তরুণ খেলোয়াড়দের প্রতিও আমি সন্তুষ্ট কারণ তারা অনেক অনুশীলন করেছে ও ক্লাবের জন্য কঠোর পরিশ্রম করছে; অংশগ্রহণকারী ক্লাবসমূহ তাদের অবকাঠামো উন্নয়নে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। আমি মনে করি এটা দেশের ফুটবলের চলমান উন্নয়নে সহায়ক হবে।

জাতীয় স্কুল ফুটবল চ্যাম্পিয়নশীপঃ

স্কুল ফুটবলের সর্বোচ্চ আসর জাতীয় স্কুল ফুটবল চ্যাম্পিয়নশীপ সমাপ্ত হয়েছে ঢাকায় ; সৌভাগ্যবশত আমি সেখানে উপস্থিত ছিলাম। ফাইনাল ম্যাচটি অবশ্যই জমজমাট হয়েছিল; আমি ফাইনালিস্ট দুই দলসহ অশগ্রহণকারী সকল দল, কর্মকর্তা, খেলা পরিচালনাকারী রেফারীগণসহ সংশ্লিষ্ট সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানাই। সারা দেশ থেকে ৫২টি স্কুল উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে।

দেশব্যাপী ট্যালেন্ট হান্টঃ

দেশব্যাপী তৃণমূল পর্যায়ে প্রতিভাবান খেলোয়াড় অন্বেষনের লক্ষ্যে ৩০ জানুয়ারী ২০২১ হতে দেশের ৬৪ জেলায় শুরু হয়েছে ট্যালেন্ট হান্ট কার্যক্রম। জেলা থেকে বাছাইকৃত খেলোয়াড়দের নিয়ে পরবর্তীতে ৮টি বিভাগে বাছাই কার্যক্রম পরিচালিত হবে। সর্বশেষ ঢাকায় বাছাই কার্যক্রমের চূড়ান্ত পর্ব অনুষ্ঠিত হবে। 'সাফ অ-১৫ চ্যাম্পিয়নশীপ ২০২১' ও 'এএফসি অ-১৬ চ্যাম্পিয়নশীপ ২০২২ কোয়ালিয়ার্স' এ অংশগ্রহণের লক্ষ্যে বাছাইকৃত খেলোয়াড়দের নিয়ে দল গঠন করা হবে। এজন্য আমি ধন্যবাদ জ্ঞাপন করছি বাফুফে ডেভেলপমেন্ট কমিটির সদস্যবৃন্দকে। একইসঙ্গে উক্ত কার্যক্রমে আন্তরিক সহযোগিতা প্রদানের জন্য প্রত্যেক জেলা ফুটবল এসোসিয়েশন, জেলা প্রশাসক, জেলা পুলিশ সুপার সহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

তৃণমূল কার্যক্রমঃ

তৃণমূল ফুটবলের কার্যক্রমের অংশ হিসেবে আমরা তৃণমূল ফুটবলের কী জোন (Key Zone) প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছি যেখানে ৬০০ এর অধিক সংখ্যক খেলোয়াড় প্রতিনিয়ত অংশগ্রহণ করছে ফুটবল সম্পর্কিত বিভিন্ন কার্যক্রমে। গত ১৮ নভেম্বর ২০২০ তারিখ হতে ফেনী, মাদারীপুর ও নীলফামারিতে এই কার্যক্রম শুরু হয়েছে। প্রতিটি জোনে ৮ থেকে ১৪ বছর বয়সী ২০০টি ছেলে ও ৬০টি মেয়ে রয়েছে। এই কার্যক্রম বছরব্যাপী সপ্তাহে ৭ দিনেই চলমান থাকবে। প্রতিটি খেলোয়াড় সপ্তাহে ৩টি ট্রেনিং সেশনে অংশগ্রহণ করবে।

এএফসি তৃণমূল এ্যক্রেডিটেশন - ব্রোঞ্জ পদক ঃ

তৃণমূল ফুটবলে এ বছর বাংলাদেশ ফুটবল ফেডারেশন এএফসি এ্যক্রেডিটেশন এর একটি মাইলফলক অর্জন করেছে। এএফসি তৃণমূল এ্যক্রেডিটেশন স্কিমে বাফুফে ব্রোঞ্জ লেভেলে সদস্য হিসেবে পুরস্কৃত হয়েছে। এটা বাফুফের জন্য একটি স্মরনীয় মূহুর্ত; যার জন্য আমরা সবাই গর্ব করতে পারি।

রেফারি ডেভেলপমেন্ট ঃ

রেফারিদের উন্নয়ন কার্যক্রমে সহায়তা প্রদানের জন্য আমরা সর্বদা সক্রিয় আছি। তারই অংশ হিসেবে বাংলাদেশ প্রিমিয়ার লীগ, বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ-এর কোচ, খেলোয়াড় ও পরবর্তী প্রজন্মের রেফারিদের শনাক্তকরণের জন্য পরিচালিত হয়েছে রেফারিজ রিফ্রেশার্স কোর্স, ল'জ অব দ্য গেম রিফ্রেশার্স কোর্সসমূহ। রেফারিজ কমিটির এই প্রচেষ্টার জন্য আমি খুশি এবং তাদেরকে বিশেষভাবে ধন্যবাদ দিতে চাই।

কোচ এডুকেশন এবং ডেভেলপমেন্ট ঃ

তৃণমূল পর্যায়ে যে সকল কোচরা কাজ করছেন তাদের উন্নয়নের জন্য নতুন করে গ্রাসরুট কোচিং কোর্স চালু করা হয়েছে। তৃণমূল কোচদের মধ্যে উক্ত কার্যক্রম খুবই জনপ্রিয়তা পেয়েছে। কোচ এডুকেশনের ধারাবাহিক সহযোগিতার অংশ হিসেবে বিভিন্ন কোর্স, কর্মশালা ও সেমিনারের আয়োজন করা হয়েছে। একই সাথে ন্যাশনাল রিভেলিডিটেশন প্রোগ্রামের আওতায় সি সার্টিফিকেট, বি ডিপ্লোমা ও এ ডিপ্লোমা কোর্স আয়োজন করা হয়েছে। বাংলাদেশের সব কোচকে এএফসি কোচিং কনভেনশনের আওতায় আনার জন্য এ কার্যক্রম পরিচালিত হচ্ছে। এর ফলে আমরা কোচিং কোয়ালিফিকেশন রিভেলিডিটেশনের লক্ষ্যে এএফসির সঙ্গে পুনরায় যুক্ত হয়ে সার্টিফিকেট প্রদান করতে পারছি।

মেয়েদের আবাসিক প্রোগ্রামঃ

আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দলের ধারাবাহিক সাফল্য ধরে রাখতে মেয়েদের এলিট রেসিডেন্সি প্রোগ্রাম চালু রেখেছি। আগস্ট ২০২০ মাস হতে বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দলের আবাসিক ক্যাম্প পুরোদমে চলছে। বৈশ্বিক মহামারীর মধ্যেও নানা প্রতিকূলতাকে অতিক্রম করে দেশের সেরা মহিলা ফুটবলারদের নিয়ে এই অনুশীলন আমরা অব্যাহত রেখেছি। আমরা এখন ২০২১ সালের নানা প্রতিযোগিতার জন্য প্রস্তুতি নিচ্ছি।

এলিট ট্রেনিং সেন্টার ঃ

ধারাবাহিক সফলতার অংশ হিসেবে বাংলাদেশ যুব দল, বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দল ও বাংলাদেশ জাতীয় ফুটবল দলের উন্নয়নের জন্য কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে এলিট ট্রেনিং সেন্টার তৈরির কাজ চলমান রয়েছে। সকল ফুটবল খেলোয়াড়দের উন্নয়ন, উচ্চাকাঙ্ক্ষা ও প্রতিশ্রুতিবদ্ধতার ক্ষেত্রে এটি আমাদের সফলতার পরবর্তী ধাপ হিসেবে কাজ করবে। সম্ভবত, সকল ক্লাবের খেলোয়াড়দের জন্যেও সুযোগ-সুবিধা ব্যবহারের অনুমতি প্রদান করা হবে।

সহযোগিতা কার্যক্রম ঃ

২০২১ সালের শুরু থেকে ফুটবল স্টেকহোল্ডারদের সাথে সম্পর্ক উন্নয়নে কাজ করে যাচ্ছি। আমি সচেতনভাবে সর্বোচ্চ চেষ্টা করে যাচ্ছি ফুটবলের বিভিন্ন অনুষ্ঠানে সরাসরি উপস্থিত থাকতে যাতে বিভিন্ন সংস্থার সাথে সম্পর্ক উন্নয়ন, পারস্পরিক সহযোগিতা ও সমন্বিত অংশীদারিত্ব বৃদ্ধি পায় যা আমাদের ফুটবলের উন্নয়নে খুবই গুরুত্বপূর্ণ।

পরিশেষে, ফুটবলের উন্নয়নে এরকম ইতিবাচক যাত্রা শুরু করার জন্য আমি আমার সহকর্মী ও বাফুফের বিভিন্ন কমিটির সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ দিতে চাই। আমি আশাবাদী অবশ্যই আমরা একসাথে সামনে এগিয়ে যাবো।